# মঞ্জুরি নং- ১২

## ১১৪ - পরিকল্পনা বিভাগ

### মধ্যমেয়াদি ব্যয় কাঠামো

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| পরিচালন ব্যয় | ৯৩,৭২,০০ | ১০১,২২,০০ | ১০৯,৩২,০০ |
| উন্নয়ন ব্যয় | ৩৬১৫৭,৬৩,০০ | ১০৯৩৭,৭২,০০ | ৬১৫০,৯০,০০ |
| **মোট** | **৩৬২৫১,৩৫,০০** | **১১০৩৮,৯৪,০০** | **৬২৬০,২২,০০** |
| | | | |
| আবর্তক | ১৫৫,৫২,৩৫ | ২০১,৯৬,৮১ | ১৭০,৯১,৫১ |
| মূলধন | ৩৬০৯৫,৮২,৬৫ | ১০৮৩৬,৯৭,১৯ | ৬০৮৯,৩০,৪৯ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **৩৬২৫১,৩৫,০০** | **১১০৩৮,৯৪,০০** | **৬২৬০,২২,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

অংশগ্রহণমূলক জাতীয় কৌশল ও উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে দেশের টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১. দেশের আর্থসামাজিক উন্নয়নের জন্য দীর্ঘমেয়াদি, মধ্যমেয়াদি ও স্বল্পমেয়াদি জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা ও কৌশল প্রণয়ন;

১.২.২. উন্নয়ন প্রকল্পের প্রস্তাব প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন;

১.২.৩. জাতীয় পরিকল্পনা, নীতিমালা ও কৌশল অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন;

১.২.৪. আর্থ-সামাজিক উন্নয়নে গবেষণা কার্যক্রম গ্রহণ ও গবেষকদের প্রণোদনা প্রদান, টেকসই পরিকল্পনা ও উন্নয়নে সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ, জরিপ ও অনুসন্ধান কার্যক্রম গ্রহণ এবং প্রতিবেদন/জার্নাল প্রকাশ ;

১.২.৫. প্রকল্প সংক্রান্ত বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. টেকসই জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন ত্বরান্বিতকরণ | • বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন, হালনাগাদকরণ ও পর্যালোচনা | • সচিবালয়<br>• পরিকল্পনা কমিশন |
| | • একনেক ও এনইসি সভার আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ | |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | • টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) এর সাথে সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন কর্মসূচি/প্রকল্প অনুমোদন | |
| | • প্রস্তাবিত প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন | |
| | • পিইসি, এসপিইসি ও এডিপি পর্যালোচনা সভার আয়োজন এবং পিএসসি, পিআইসি, ডিপিইসি/ডিএসপিইসি সভায় অংশগ্রহণ | |
| | • সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে গবেষণা কার্যক্রমে প্রণোদনা প্রদান | |
| | • আর্থ-সামাজিক বিষয়ের ওপর গবেষণা, গবেষণালব্ধ জ্ঞান/ফলাফল প্রকাশ ও প্রচার | • বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) |

## ৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন এবং গ্রীণ ক্লাইমেট ও জলবায়ু কার্যক্রম সংক্রান্ত তথ্য

## ৩.১ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও গ্রীণ ক্লাইমেট ও জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

### ৩.১.১ টেকসই জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন ত্বরান্বিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** সুষম এবং টেকসই উন্নয়নের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনার প্রয়োজন অনস্বীকার্য। কৌশলগত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে SDGs বাস্তবায়নে গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে ক্রমান্বয়ে আর্থ-সামাজিক উন্নয়ন হচ্ছে। এতে দারিদ্র্য সীমার নীচে অবস্থানকারী জনগোষ্ঠীর সংখ্যা উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** কৌশলগত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে এসডিজি বাস্তবায়নের ফলে নারীর প্রতি বৈষম্য ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে, আয়বর্ধক কার্যক্রমে নারীর অংশগ্রহণ এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীর সম্পৃক্ততা বৃদ্ধি পাচ্ছে। ফলে উন্নয়নের মূলস্রোত ধারায় নারীর অংশগ্রহণে এবং ক্ষমতায়ন বৃদ্ধি পাচ্ছে।

**গ্রীণ ক্লাইমেট ও জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব:** প্রাকৃতিক দুর্যোগ, জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত এবং অন্যান্য ব-দ্বীপ সংক্রান্ত সমস্যা মোকাবিলা করে দীর্ঘমেয়াদে পানি ও খাদ্য নিরাপত্তা, অর্থনৈতিক প্রবৃদ্ধি ও পরিবেশগত স্থিতিশীলতা নিশ্চিতকরণে 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা-২১০০' প্রণয়ন করা হয়েছে। এ পরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার ও নেদারল্যান্ডস্ সরকারের মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতা অব্যাহত রাখার জন্য ১০ বছর মেয়াদি (২০২৩-২০৩৩ পর্যন্ত) একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

## ৩.২ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন এবং গ্রীণ ক্লাইমেট ও জলবায়ু কার্যক্রম সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| দারিদ্র্য নিরসন | ২৬৪৩৯,৮৯,১৫ | ৪৪৯৮,১৯,৩৩ | ৪৪৯৮,১৯,৩৩ |
| নারী উন্নয়ন | ১০৮৩৪,০৬,৭১ | ১৮২১,৮৫,৮৯ | ১৮২১,৮৫,৮৯ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত |
|---|---|
| **১. টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-অর্জনের অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়ন:**<br>জাতিসংঘ ঘোষিত "টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে সরকার বদ্ধপরিকর। বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়নে 'ফোকাল পয়েন্ট' হিসেবে কাজ করছে। ইতোমধ্যে এসডিজি বাস্তবায়নে এ বিভাগ কর্তৃক বেশকিছু পদক্ষেপ গৃহীত হয়েছে। তন্মধ্যে মন্ত্রণালয়/বিভাগভিত্তিক লক্ষ্যমাত্রার ম্যাপিং, তথ্য-উপাত্তের ঘাটতি নিরুপণমূলক বিশ্লেষণী প্রতিবেদন, এসডিজি পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামো, এসডিজি অর্থায়ন কৌশল, এসডিজি বাস্তবায়নে মন্ত্রণালয়/বিভাগভিত্তিক জাতীয় কর্ম-পরিকল্পনা, এসডিজি বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন উল্লেখযোগ্য। আগামী অর্থবছরের প্রথমার্ধে এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় সম্মেলন আয়োজন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। জিইডি উপজেলা পর্যায়ে এসডিজি স্থানীয়করণের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে ও আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় এসডিজি গ্রাম পাইলটিং কার্যক্রম চলতি অর্থবছরে শুরু করা হবে। ৪র্থ এসডিজি অগ্রগতি প্রতিবেদন "Sustainable Development Goals Bangladesh Progress Report-2025" প্রণয়ন ও প্রকাশ করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ ২০২৫ সালে Voluntary National Review (VNRs)-এ অংশগ্রহণ করেছে এবং এ লক্ষ্যে Voluntary National Review (VNRs)-2025 প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ করা হয়েছে। SDG's Implementation Review (SIR) কমিটির ৫মে ২০২৬ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ ২০২৭ সালে VNR ও SDG Progress Report প্রকাশ করবে। | • টেকসই জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন ত্বরান্বিতকরণ |
| **২. অর্থনৈতিক কৌশলগত কাঠামো প্রণয়ন:**<br>দেশের অর্থনীতিতে বিদ্যমান চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করে অর্থনৈতিক কৌশল পুনর্নির্ধারণ ও : প্রয়োজনীয় সম্পদ আহরণকল্পে"Five Year Strategic Framework For Reform and Development (FYSF 2026-2030)" প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। ম্যানিফেস্টোর ৫ টি প্রধান পিলারের সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন সেক্টরের কার্যক্রমকে মনিটর ও মূল্যায়ন করার কাঠামো প্রণয়ন করা হচ্ছে। সরকারের অগ্রাধিকার অনুযায়ী সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা, রফতানীর পরিমাণ ও বৈচিত্র্য বৃদ্ধি, কৃষি বহুমুখীকরণ, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের সুযোগ সৃষ্টি, জনমিতিক লভ্যাংশ অর্জনে স্বাস্থ্য ও শিক্ষাখাতে বিনিয়োগ বৃদ্ধি, জলবায়ু পরিবর্তন মোকাবেলায় প্রশমন ও অভিযোজন, জ্বালানীর রুপান্তর, আর্থিক ও প্রাতিষ্ঠানিক খাতে সুশাসন, কাঠামোগত বৈষম্য দূরীকরণ, সামাজিক নিরাপত্তা কৌশল পুন যুব ও নাগরিক সমাজের ,নির্ধারণ:মানোন্নয়নে নীতিকৌশল নির্ধারণডিজিটাল অর্থনীতির , প্রভৃতি। ,তরুণদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ,প্রসার | • টেকসই জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন ত্বরান্বিতকরণ |
| **৩. সুনীল অর্থনীতি বাস্তবায়নে সহায়তাঃ**<br>বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সুনীল অর্থনীতি অনুবিভাগ খোলা হয়েছে এবং সুনীল অর্থনীতি কার্যক্রমের উপর একটি Spatial পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। 'বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০' পর্যালোচনা (Review) করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। রির্পোট পাওয়ার পর ডেল্টা 'গর্ভনিং কাউন্সিল' এর সুপারিশ অনুযায়ী ব-দ্বীপ পরিকল্পনার বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | • টেকসই জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন ত্বরান্বিতকরণ |
| **৪. ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ, উন্নয়ন প্রকল্পের ডিজিটাল প্রক্রিয়াকরণ এবং একনেক সভার সিদ্ধান্ত ট্রাকিংও মনিটরিং:**<br>সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনাকে আরো সহজতর, ব্যবহার-বান্ধব, গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে ADP/RADP Management System (AMS) শিরোনামে একটি অনলাইন | • টেকসই জাতীয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন ত্বরান্বিতকরণ |

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত |
|---|---|
| ভিত্তিক ডাটাবেজ প্রণয়ন করা হয়েছে। প্রণীত চারটি ডিজিটাল সার্ভিস PPS, NPM, GRM এবং RMS এর সমন্বয়ে ইন্টিগ্রেটেড ডিজিটাল সিস্টেম প্রবর্তন করা হয়েছে। উক্ত ডিজিটাল সিস্টেমের সাথে iBAS++, e-PMIS, AMS, DDAS,DRIP এবং D-Nothi কে ইন্টিগ্রেট করা হবে। এছাড়া একনেক সভার সিদ্ধান্ত ট্রাকিং এবং মনিটরিং এর জন্য ডাটাবেজ প্রণয়ন এবং আর্কাইভ প্রতিষ্ঠাকে অগ্রাধিকার দেয়া হয়েছে। জাতীয় সংসদ, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য গুরুত্বপূর্ণ দপ্তরের চাহিদা মোতাবেক নির্ভুল ও দ্রুত তথ্যাদি প্রেরণে ডিজিটাল ডাটাবেজ সিস্টেম সফটওয়্যারকে অগ্রাধিকার দেয়া হবে। প্রকল্পের মূল্যায়ন কাজ সহজতর করার লক্ষ্যে Ministry Assessment Format (MAF) ও Sector Appraisal Format (SAF) এর ডিজিটাইজেশনের কাজ চলমান রয়েছে। সরকারি বিনিয়োগ ব্যবস্থাপনা (PIM) সংস্কার কর্মসূচি বাস্তবায়নের আওতায় বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি (MYPIP) ব্যবহারের মাধ্যমে এডিপি, মধ্যম ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা এবং মধ্যমেয়াদি বাজেট কাঠামোর মধ্যে কৌশলগত সংযোগকে শক্তিশালী করা হবে। | |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৬-২৭ হতে ২০২৮-২৯)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| সচিবালয়, পরিকল্পনা বিভাগ | ১০৯০৫,৬৭,০০ | ২৮৪৫৬,৫১,২৩ | ৩৬২৫১,৩৫,০০ | ১১০৩৮,৯৪,০০ | ৬২৬০,২২,০০ |
| **সর্বমোট :** | **১০৯০৫,৬৭,০০** | **২৮৪৫৬,৫১,২৩** | **৩৬২৫১,৩৫,০০** | **১১০৩৮,৯৪,০০** | **৬২৬০,২২,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ৫০,৯১,৭০ | ৫৩,৮১,৬৩ | ৫১,৮৯,৩১ | ৫৭,৬২,০০ | ৬১,৫৪,৯০ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ১০,৬২,৯৪ | ১০,৩৭,২৬ | ১৫,১৬,০৫ | ৮,৯৪,৭৩ | ৭,৭৯,৪৩ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ১,৮৬ | ৫,২৬ | ৭,৬৩ | ৫,০০ | ৫,০০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ১৩,৯০,২৯ | ১৬,৬০,৭৯ | ১৬,০২,৫৮ | ৩৮,২২,৯৬ | ৩৯,৮১,৬৯ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ২,১২,১৫ | ২,১৭,০০ | ২,২৫,৬৮ | ২,০৫,৫০ | ২,৫৫,৫০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৯৫,৭৮ | ৯৪,৫০ | ৯৮,০০ | ১,০৫,০০ | ১,১০,০০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ২,৫২,৪৩ | ২,৮১,৪৪ | ৩,৪১,৪৮ | ২,৮৪,৫৮ | ৩,০৪,৫৮ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ১২,০০ | ১০,৫০ | ১৩,৫০ | ১৪,০০ | ১৫,০০ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ১১,২১,৮০ | ১৭,৪৩,২৮ | ৪০,৫৭,০১ | ৬৬,৩২,৫৭ | ৩০,৮৩,২১ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৭,৬৩,৫৫ | ৬,৪৭,৪৪ | ৬,৯২,৮২ | ৮,১৫,৪৭ | ৮,৯৩,২০ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ১২,১১,০০ | ১২,০৩,০০ | ১৪,৭২,০০ | ১৩,৪৩,০০ | ১৪,১৩,০০ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ৭৩,০০ | ১৭,০০ | ৭১,০০ | ৭২,০০ | ৭২,০০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ৫০ | ৫ | ১,৩৭ | ০ | ০ |
| ৩৮২৩ | প্রকল্পের আবর্তক স্থানান্তর | ৫৬,০০ | ৫৬,০০ | ০ | ০ | ০ |
| ৩৯১১ | সংরক্ষিত | ১৬,০০ | ০ | ২,৬৩,৯২ | ২,৪০,০০ | ২৪,০০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **১১৩,৬১,০০** | **১২৩,৫৫,১৫** | **১৫৫,৫২,৩৫** | **২০১,৯৬,৮১** | **১৭০,৯১,৫১** |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ৯,২২,০০ | ৯,২২,০০ | ৫,৬৪,৫০ | ০ | ০ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৮,১৬,৬৭ | ৮,৯১,১৯ | ৩৭,৪৪,৭৪ | ২৯,২৪,৬৯ | ২৯,২৩,৯৯ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ১,১৭,৩৩ | ৩৫,২৮ | ১,৭২,৬০ | ১,১৬,৫০ | ১,১৬,৫০ |
| ৪২১১ | প্রকল্প মূলধন ব্যয় | ১৫,০০ | ১৫,০০ | ০ | ০ | ০ |
| ৪৯১১ | সংরক্ষিত | ১০৭৭৩,৩৫,০০ | ২৮৩১৪,৩২,৬১ | ৩৬০৫১,০০,৮১ | ১০৮০৬,৫৬,০০ | ৬০৫৮,৯০,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **১০৭৯২,০৬,০০** | **২৮৩৩২,৯৬,০৮** | **৩৬০৯৫,৮২,৬৫** | **১০৮৩৬,৯৭,১৯** | ৬০৮৯,৩০,৪৯ |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | **মোট : - সম্পদ** | **০** | **০** | **০** | **০** | ০ |
| | **সর্বমোট :** | **১০৯০৫,৬৭,০০** | **২৮৪৫৬,৫১,২৩** | **৩৬২৫১,৩৫,০০** | **১১০৩৮,৯৪,০০** | ৬২৬০,২২,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. এসডিজি ও জাতীয় উন্নয়ন পরিকল্পনা দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প গ্রহণ, প্রক্রিয়াকরণ ও বাস্তবায়ন। | ১ | % | ৩৫ | ৩০ | ২০ | ২৫ | ৬০ | ৬০ | ৬০ |
| ২. প্রকল্প অনুমোদন/প্রক্রিয়াকরণের গতিশীলতা বৃদ্ধি | ১ | দিন | ৬০ | ৬০ | ৬০ | *৭০ | ৭০ | ৭০ | ৭০ |

* "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা" জুন ২০২২ অনুযায়ী।

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** সাম্প্রতিক সময়ে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২৮০টি এবং একনেক কর্তৃক ৪৫৬টি উন্নয়ন প্রকল্প অনুমোদন করা হয়েছে। এসইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ কর্তৃক জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) ও জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সভায় সাচিবিক সহায়তা প্রদান করা হয়। এছাড়া একনেক সভার সিদ্ধান্ত ট্রাকিং এবং মনিটরিং এর জন্য ডাটাবেজ প্রণয়ন এবং আর্কাইভ প্রতিষ্ঠাকে অগ্রাধিকার দেয়া হয়েছে। জাতীয় সংসদ, মাননীয় প্রধান উপদেষ্টার কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য গুরুত্বপূর্ণ দপ্তরের চাহিদা মোতাবেক নির্ভুল ও দ্রুত তথ্যাদি প্রেরণে ডিজিটাল ডাটাবেজ সিস্টেম সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। টেকসই উন্নয়ন (এসডিজি) অর্জনে গৃহীত কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নকল্পে এসডিজি বিষয়ক Sustainable Development Goals Bangladesh Progress Report-2025 এবং Voluntary National Review (VNRs)-2025 প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ করা হয়েছে। এছাড়াও দারিদ্র্যের মহুমাত্রিকতাকে বিবেচনায় নিয়ে ও অঞ্চলভিত্তিক সম্পদের সুষ্ঠু বন্টন নিশ্চিতকল্পে National Multi-dimensional Poverty Index (N-MPI) 2025 প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। দেশের সামষ্টিক অর্থনৈতিক অবস্থা পর্যালোচনা করে প্রয়োজনীয় সুপারিশসহ State of the Economy 2025 প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।

## ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন, হালনাগাদকরণ ও পর্যালোচনা | প্রকাশিত এডিপি এবং আরএডিপি | ১ | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ |
| ২. একনেক ও এনইসি সভার আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়নে ব্যবস্থাগ্রহণ। (এসডিজি এর সাথে সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন কর্মসূচি/প্রকল্প অনুমোদন) | অনুষ্ঠিতএকনেক সভা | ১ | সংখ্যা | ১২ | ১২ | ১২ | ১২ | ১৮ | ২০ | ২৪ |
| | অনুষ্ঠিতএনইসি সভা | ১ | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ |
| ৩. প্রস্তাবিত প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন | প্রক্রিয়াকরণকৃত প্রকল্প | ১ | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ৪. পিইসি, এসপিইসি ও এডিপি ও আরএডিপি পর্যালোচনা সভার আয়োজন, অনুষ্ঠান এবং পিএসসি, পিআইসি, ডিপিইসি/ডিএসপিইসি সভায় অংশগ্রহণ | অনুষ্ঠিত সভা | ১ | সংখ্যা | ৪৪১ | ৩৭৬ | ৪২৬ | ৩৩৫ | ৪৬১ | ৪৭০ | ৪৭৫ |
| | অংশগ্রহণকৃত সভা | ১ | সংখ্যা | ১৪২০ | ৯৪০ | ১৪২২ | ১০৫০ | ১৪৬৩ | ১৪৮০ | ১৫০০ |
| ৫. সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে গবেষণা কার্যক্রমে প্রণোদনা প্রদান | গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদান | ১ | সংখ্যা | ৪৩ | ৩০ | ৬৯ | ৪২ | ৭৫ | ৭৭ | ৭৬ |
| ৬. উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন পরিদর্শন | পরিবীক্ষণকৃত উন্নয়ন প্রকল্প | ১ | সংখ্যা | ৮২ | ৭৮ | ১১২ | ৮৭ | ১২৬ | ১৩৭ | ১৬০ |

## ৬.১.৩ অপারেশন ইউনিট, সুনির্দিষ্ট কার্যক্রম/কর্মসূচি/স্কিম/প্রকল্পওয়ারি* মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১১৪০১০১ - সচিবালয়, পরিকল্পনা বিভাগ | ১-৯ | ৫৩,৫৯,৭০ | ৭৬,০৬,০০ | ৭৪,৩১,৪১ | ৭৮,২৯,০০ | ৮৭,০৭,০০ | ৯৪,৮৭,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **৫৩,৫৯,৭০** | **৭৬,০৬,০০** | **৭৪,৩১,৪১** | **৭৮,২৯,০০** | **৮৭,০৭,০০** | **৯৪,৮৭,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৫৩,৫৯,৭০** | **৭৬,০৬,০০** | **৭৪,৩১,৪১** | **৭৮,২৯,০০** | **৮৭,০৭,০০** | **৯৪,৮৭,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১১৪ - পরিকল্পনা বিভাগের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | ১,২ | ০ | ১,৬৮,০০ | ০ | ২৩,৫৩,৮১ | ৮,৫৬,০০ | ৫৮,৮৯,০০ |
| ২২১০০০৩০০ - বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা | ১,২ | ০ | ১০৭৭১,৬৭,০০ | ২৮৩১৪,৩২,৬১ | ৩৬০২৭,৪৭,০০ | ১০৭৯৮,০০,০০ | ৬০০০,০১,০০ |
| ২২৩০১৩৪০০ - *উন্নত দেশের মর্যাদা অর্জনের লক্ষ্যে পরিকল্পনা পরিকাঠামোর সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় সংশোধিত) (০১/০৭/২০১৭-৩১/১২/২০২৫) অনুমোদিত | ৩-৬ | ৬০,৬৪ | ১,০০ | ৩৮,২৫ | ১,০০ | ০ | ০ |
| ২২৩০৩৪৯০০ - পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধিকরণ (৩য় সংশোধিত) (০১/০৭/২০১৮ - ৩০/০৬/২০২৭) অনুমোদিত | ১,৩ | ১,৮৪,৫২ | ৫,৩২,০০ | ৫,০২,৬০ | ৭,০২,২০ | ০ | ০ |
| ২২৩০৩৭২০০ - উন্নয়ন প্রকল্পের ডিজিটাল প্রক্রিয়াকরণে সক্ষমতা বৃদ্ধিকরণ (এসডিপিপি) (২য় সংশোধিত) | ১,৬ | ৯,৫৮,৪২ | ১১,৮২,০০ | ৯,০০,০০ | ৬,৮০,০০ | ০ | ০ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| (০১/০৭/২০১৯ - ৩১/১২/২০২৬) অনুমোদিত | | | | | | | |
| ২২৩০৩৮৪০০ - সাপোর্ট টু দি ইমপ্লিমেন্টশন অব দি বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ (৪র্থ সংশোধিত)(০১/১০/২০১৮ - ৩১/১২/২০২৬) অনুমোদিত | ৪ | ৫,৬৮,৫৫ | ৩,৭৬,০০ | ৪,৭১,০০ | ৫,৪৫,৫৫ | ০ | ০ |
| ২২৩০৪৭২০০ - ইন্টিগ্রেটিং পপুলেশান ডাইনামিকস এন্ড ডেভেলপমেন্ট ইস্যুজ ইনটু ন্যাশনাল প্ল্যানস এন্ড পলিসিস (২য় সংশোধিত) (০১/০১/২০২৩ - ৩১/১২/২০২৬) অনুমোদিত | ৩,৭ | ৫৯,৭২ | ৯৭,০০ | ৯৭,০০ | ৭০,০০ | ০ | ০ |
| ২২৩০৫২৭০০ - বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০ বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধি প্রকল্প (০১/০১/২০২৪ - ৩১/১২/২০২৬) অনুমোদিত | ৫ | ০ | ১,৭১,০০ | ১,৭১,০০ | ১১,০০ | ০ | ০ |
| ২২৩০৫৬৩০০ - সার্পোটিং পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট রিফর্ম (এসপিআইএমআর) (০১/০৭/২০২৫-৩০/০৬/২০২৯) অনুমোদিত | ১,৩,৪,৫ | ০ | ০ | ৬,৯০,০০ | ১২,৩৬,৪৫ | ১৫,০০,০০ | ১২,০০,০০ |
| ২২৩০৫৬৮০০ - ইম্প্রুভমেন্ট অব পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম (আইপিআইএমএস) (০১/০৭/২০২৫-৩০/০৬/২০৩০) অনুমোদিত | ১,৩,৪,৫ | ০ | ০ | ৫,০০,০০ | ৫১,০০,০০ | ১১০,৬৬,০০ | ৮০,০০,০০ |
| ২২৪১২৮৭০০ - কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেজ সিস্টেম স্থাপনের মাধ্যমে উন্নয়ন বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি শক্তিশালীকরণ (৩য় সংশোধিত) (০১/০৪/২০১৭ - ৩০/০৬/২০২৭) অনুমোদিত | ১,২,৫ | ৩,৪৩,১৫ | ৭,৪৫,০০ | ৬,৫১,০০ | ৬,০৩,৯৯ | ০ | ০ |
| ২২৪৩৬৫৮০০ - পরিকল্পনা মন্ত্রণালয়ের ক্যাম্পাসের ভবনসমূহের স্থাপনাগত সুযোগ সুবিধা বৃদ্ধির মাধ্যমে কর্মপরিবেশ উন্নতকরণ (১ম সংশোধিত) (০১/০৭/২০২২ - ৩১/১২/২০২৬) অনুমোদিত | ৩ | ৯,৯১,৮৩ | ১১,৬৭,০০ | ১১,৬৭,০০ | ১৩,১২,০০ | ০ | ০ |
| ২২৪৪১৫৬০০ - বাংলাদেশের টেকসই উন্নয়নে অর্থনৈতিক কৌশল পুনঃ নির্ধারণ (০১/১০/২০২৫-৩০/০৯/২০২৭) অমুমোদিত | ১-৫ | ০ | ০ | ৩,০৮,৩৬ | ৪,০০,০০ | ৫,৫০,০০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৩১,৬৬,৮৩** | **১০৮১৬,০৬,০০** | **২৮৩৬৯,২৮,৮২** | **৩৬১৫৭,৬৩,০০** | **১০৯৩৭,৭২,০০** | **৬১৫০,৯০,০০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৩১,৬৬,৮৩** | **১০৮১৬,০৬,০০** | **২৮৩৬৯,২৮,৮২** | **৩৬১৫৭,৬৩,০০** | **১০৯৩৭,৭২,০০** | **৬১৫০,৯০,০০** |
| মোট : | | **৮৫,২৬,৫৩** | **১০৮৯২,১২,০০** | **২৮৪৪৩,৬০,২৩** | **৩৬২৩৫,৯২,০০** | **১১০২৪,৭৯,০০** | **৬২৪৫,৩৭,০০** |

## ৬.২ বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)

**৬.২.১ সাম্প্রতিক অর্জন:** সাম্প্রতিক সময়ে মোট ৪৫টি গবেষণা সমীক্ষা সম্পন্ন করে এবং ৭৯টি সেমিনার/ ওয়ার্কশপ/ কনফারেন্স আয়োজন করা হয়েছে। এ সময়ে বিআইডিএস’র নিজস্ব প্রকাশনা (জার্নাল/রিসার্চ রিপোর্ট/রিচার্জ মনোগ্রাফ/সম্পাদিত বই/নিউজ লেটার/পাবলিক লেকচার) প্রকাশিত হয়েছে মোট ৪৯টি এবং বিভিন্ন আন্তর্জাতিক ও জাতীয় খ্যাতনামা জার্নালে/বইয়ে (Peer-Reviewed) বিআইডিএসের গবেষকগণের ১৫২টি গবেষণাপত্র প্রকাশিত হয়েছে। বাংলাদেশ ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষক এবং অর্থনীতিবিদের মোট ২০টি গবেষণাপত্র এবং ০১টি মূল বক্তৃতা উপস্থাপন করা হয় এবং আর্থ-সামাজিক উন্নয়ন বিষয়ে বিআইডিএস হতে মোট বিআইডিএস ২০২১-২২ সেশন হতে Development Economics বিষয়ে মাস্টার্স প্রোগ্রাম চালু করেছে।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. আর্থ-সামাজিক বিষয়ের ওপর গবেষণা, গবেষণালব্ধ জ্ঞান/ফলাফল প্রকাশ ও প্রচার | গবেষণা | ২ | সংখ্যা | ৬ | ৬ | ৬ | - | ৬ | ৬ | ৭ |
| | প্রকাশনা | | | ৭ | ৭ | ৭ | - | ৫ | ৫ | ৬ |
| | সেমিনার | | | ৬ | ৬ | ৬ | - | ৭ | ৭ | ৮ |
| | প্রবন্ধ প্রকাশ | ২ | সংখ্যা | ১১ | ১১ | ১১ | - | ১১ | ১১ | ১২ |

### ৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০০২৪০০ - বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান | ১ | ১১,৫২,০০ | ১২,৮৪,০০ | ১২,২০,০০ | ১৫,৪৩,০০ | ১৪,১৫,০০ | ১৪,৮৫,০০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **১১,৫২,০০** | **১২,৮৪,০০** | **১২,২০,০০** | **১৫,৪৩,০০** | **১৪,১৫,০০** | **১৪,৮৫,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১১,৫২,০০** | **১২,৮৪,০০** | **১২,২০,০০** | **১৫,৪৩,০০** | **১৪,১৫,০০** | **১৪,৮৫,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪২৯৬৭০০ - বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর মাস্টার্স কার্যক্রম (০১/০৭/২০১৯-৩০/০৬/২০২৬) অনুমোদিত | ১,৭,৯ | ২২,৫০ | ৭১,০০ | ৭১,০০ | ০ | ০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **২২,৫০** | **৭১,০০** | **৭১,০০** | **০** | **০** | **০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **২২,৫০** | **৭১,০০** | **৭১,০০** | **০** | **০** | **০** |
| মোট : | | **১১,৭৪,৫০** | **১৩,৫৫,০০** | **১২,৯১,০০** | **১৫,৪৩,০০** | **১৪,১৫,০০** | **১৪,৮৫,০০** |